উপজেলা পরিষদ

গোলাপগঞ্জ, সিলেট

নভেম্বর/২০২৪ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মিলটন চন্দ্র পাল, প্রশাসক, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময়ঃ ২১ নভেম্বর ২০২৪ খ্রিঃ সকাল ১১.৩০ ঘটিকা।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব মিলটন চন্দ্র পাল উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্য সূচি অনুযায়ী বিভিন্ন দপ্তরের ভিন্ন ভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | বিষয়ের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কাযবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরনীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ২ | | পরিষদে হস্তান্তরিত/ন্যাস্তকৃত বিভাগ সমূহের কার্যাবলীঃ | | |
| ২/১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সভাপতি ও পরিষদের সকল সদস্য বৃন্দকে স্বাগত জানিয়ে প্রকৌশলী তার বক্তব্য শুরু করেন। বক্তব্যের শুরুতে তিনি জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান রয়েছে।<br>উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, ২০২৪-২০২৫ইং অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় স্থানীয় সরকার বিভগের স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০১.২৪-৯০ তারিখঃ ১৪/১০/২০২৪ ইং মূলে ১ম কিস্তি হিসেবে ইতোমধ্যে ২৩.২৪ লক্ষ টাকা থোক বরাদ্দ পাওয়া গিয়েছে। ১ম কিস্তির সহিত সামঞ্জস্য রেখে এরুপ ৪(চার) কিস্তিতে মোট ৯২.৯৬ লক্ষ টাকা থোক বরাদ্দ পাওয়ার সম্ভাবনা রয়েছে। তাছাড়া রাজস্ব উর্দ্ধৃত্ত হিসেবে ১০১.১৫ লক্ষ টাকা উন্নয়ন তহবিলে জমা রয়েছে।অতএব ২০২৪-২০২৫ইং অর্থ বৎসরে সর্বমোট ১৯৪.১১ লক্ষ টাকার বার্ষিক উন্নয়ন প্রণয়ন করা যেতে পারে মর্মে তিনি জানান।<br>তিনি আরো জানান যে, বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৪-২০২৫ সুষ্টভাবে প্রণয়নের লক্ষ্যে "যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির" এক সভা গত ৩১ অক্টোবর ২০২৪ ইং তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত কমিটি বিভিন্ন খাত ভিত্তিক অধিক গুরুত্বপূর্ণ মোট ৬৩ টি প্রকল্প অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের পক্ষে মতামত প্রদান করে কার্যপত্র স্বাক্ষর করেছেন। ৬৩টি প্রকল্পই প্রকৌশল শাখা হতে সরেজমিন পরিদর্শন ও পরিমাপ গ্রহণ করে খসড়া প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে;যার প্রাক্কলিত মূল্য দাড়িয়েছে প্রায় ২ কোটি ৩৯ লক্ষ টাকা।<br>"যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির সুপারিশকৃত প্রকল্প সমূহ বিশদ ভাবে যাচাই বাচাই করার লক্ষ্যে উপজেলা প্রকৌশলী "প্রকল্প বাছাই কমিটিতে" উপস্থাপন করেন। প্রকল্প বাছাই কমিটি প্রকল্প সমূহ বিশদ ভাবে অবলোকন করেন এবং সরেজমিন পরিদর্শন করার মাধ্যমে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৪-২০২৫ চুড়ান্ত ভাবে প্রণয়নের সিদ্ধান্ত গ্রহণের পক্ষে মতামত প্রদান করেন। | উপজেলা বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৪-২০২৫ চুড়ান্ত করার লক্ষে উপজেলা প্রকৌশলী অগ্রাধিকার ভিত্তিক প্রকল্পসমূহের তালিকা প্রস্তুতপূর্বক আগামী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (৬ষ্ট পর্যায়) এর আওতায় বর্ণিত উপ-প্রকল্পের চুড়ান্ত বিল প্রদানের জন্য প্রস্তুতকৃত বিল ভাউচার প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), উপজেলা | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপজেলা প্রকৌশলী আরো জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় (অর্থায়ন কারী সংস্থা-JICA) (৬ষ্ট পর্যায়) এর আওতায় লিটল ষ্টার স্কুল ফর স্পেশাল চাইল্ড ভবনের সংযোগ সড়ক RCC দ্বারা উন্নয়ন কাজ ইতোমধ্যে ১০০ ভাগ সম্পন্ন হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স আনোয়ার হোসেন, উত্তরকান্দি গাও, পরগনাবাজার, গোলাপগঞ্জ, সিলেট ভ্যাট ও আয়কর ব্যতিত ৮,৯০,৭২০.০০ টাকা এবং ভ্যাট ৭৬,৩৪৮.০০ এবং আয়কর ৫০,৮৯৯.০০ টাকা সহ মোট ১০,১৭,৯৬৬.০০ (দশ লক্ষ সতের হাজার নয়শত ছেষট্টি) টাকার বিল দাখিল করেছেন; যাহা পরিশোধের লক্ষ্যে পরিষদ কর্তৃক অনুমোদন প্রয়োজন। | পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল ভবন, ১৪ শহীদ মনসুর আলী সরণি, কাকরাইল, ঢাকা-১০০০ বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| ২/২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, বিগত মাসে বহিঃবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ২২,৭৯৫জন, অন্তঃবিভাগে ভর্তিকৃত রোগীর সংখ্যা ৫৭৬ জন, ইমার্জেন্সি বিভাগে সেবা প্রাপ্ত ২৭৩৩ জন, নরমাল প্রসব সেবা ৬৪ জন, ইপিআই টিকার হার ৯৮ ভাগ, ইসিজি ১৬৩ টি, সিজারিয়ান প্রসব সেবা ০২ জন। ল্যাব টেষ্ট ৪৮০। আরবিএস ১৩৫। হাসপাতালে কর্মরত মেডিকেল অফিসারের ১১ টি পদ শূন্য রয়েছে। জরায়ু ক্যান্সার প্রতিরোধে টিকা প্রদানের হার শতকরা ৮১ ভাগ। | মেডিকেল অফিসার এর পদ শূন্যের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা স্বাস্থ্যওপ.প. কমকর্তা/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৩ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিতি নিশ্চিতের জন্য অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প.প. কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, রবি মৌসুমের পরিকল্পনা অনুযায়ী বর্তমান ২৪-২৫ মৌসুমে ৭৭০০ হেক্টর জমিতে বোরো এবং ৭১৫ হেক্টর জমিতে সরিষা আবাদের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে। FREAP প্রকল্পের আওতায় ডাদেশ্বর ইউনিয়নের কুড়া নদীর পাড়ে ডাবল লিফটিং এর জরিপ চলছে এবং সম্ভাব্য স্পট হিসেবে চিহ্নিত করা হয়েছে। সরিষার আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে উপজেলা পরিষদ তহবিল হতে দুটি প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। এ প্রকল্পের আওতায় ৪৫০ জন কৃষককে বিনামূল্যে বীজ ও সার বিতরন করা যেতে পারে। একজন কৃষক ২ কেজি সরিষা বীজ ও ১০ কেজি MOP ও ১০ কেজি DAP সার বিতরনের কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। | বীজ ও সার বিতরন কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে উপজেলা কৃষি কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ /উপজেলা কৃষি কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৫ | মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, প্রাকৃতিক জলাশয়ে (হাওর ,নদী, খাল, বিল) দেশীয় প্রজাতির মাছের উৎপাদন বৃদ্ধির প্রতি উপজেলায় একটি করে স্থায়ী মৎস্য অভয়াশ্রম স্থাপনের নির্দেশনা রয়েছে। সেই প্রেক্ষিতে অত্র উপজেলায় একটি স্থায়ী মৎস্য অভয়াশ্রম স্থাপনের নিমিত্ত উপযুক্ত জলাশয় নির্বাচনের জন্য সভায় আলোচনা হয়। | সরেজমিন পরিদর্শন পূর্বক স্থায়ী মৎস্য অভয়াশ্রম স্থাপনের নিমিত্ত উপযুক্ত জলাশয় নির্বাচনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সি . উপজেলা মৎস্য কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৬ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান,বিগত মাসে গবাদি পশুর চিকিৎসা ২০৫৭ টি, হাঁস মুরগীর চিকিৎসা ১৬৯০৮ টি, কৃত্রিম প্রজনন ৭২ টি, গবাদি পশুর টিকা প্রদান ৩০৪৮ টি, হাঁস মুরগীর টিকা প্রদান ৪০৫০০ টি, উন্নত জাতের ঘাসচাষ সম্প্রসারন ৩.৫৫ একর, উঠান বৈঠক আয়োজন ০৬ টি, ভেকসিনেশন ক্যাম্পেইন ০৫ টি, ফ্রি ভেটেরিনারী মেডিকেল টিম | গবাদি পশু ও হাঁস মুরগীর টিকা কার্যক্রম সহ অন্যান্য কার্যক্রমের | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রাণী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ০১ টি। | ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | সম্পদ কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৭ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিষয়ে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় উপস্থিতি নিশ্চিতের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, গোলাপগঞ্জ উপজেলার ১৮০ টি স.প্রা.বিদ্যালয়ে আগামী ৩/১২/২০২৪ তারিখ হতে একযোগে বার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। এছাড়া বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সকল স.প্রা. প্রাথমিক বিদ্যালয়ে সুষ্ঠুভাবে বার্ষিক পরীক্ষা সম্পাদনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, আগামী ২৮ নভেম্বর/২০২৪ তারিখ হতে বার্ষিক পরীক্ষা আরম্ভ হবে। এন্ট্রি ক্লাশে লটারীর মাধ্যমে ভর্তি করা হবে। সরকারি বিদ্যালয়ে আগামী ২০ ডিসেম্বর পর্যন্ত অন লাইনে ভর্তির আবেদন সংগ্রহ করা হচ্ছে। বেসরকারি বিদ্যালয়/মাদ্রাসায় ভর্তি কার্যক্রম পূর্বের নিয়মে চলমান আছে। | সুষ্ঠুভাবে বার্ষিক পরীক্ষা ও ভর্তি কার্যক্রম সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, মানব সম্পদ উন্নয়নে পানি সরবরাহ স্যানিটেশন ও হাইজিন প্রকল্পের আওতায় টু-ইন পিট ল্যাট্রিনের স্থান নির্বাচনের কাজ চলমান রয়েছে। বিশ্ব ব্যাংকের প্রতিনিধিরা উক্ত কাজ সম্পাদন করছে। এছাড়া সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ ও বন্যা প্রকল্পের স্থান নির্বাচনের তালিকা দ্রুত অত্র দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | বন্যায় ক্ষতিগ্রস্থ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থায় বরাদ্দকৃত নলকূপ এর তালিকা দ্রুত প্রদানের জন্য অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১১ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, উপজেলা সমাজসেবা কার্যালয়ের ২০২৪-২৫ অর্থ বছরের বর্ধিত কোটায় প্রতিবন্ধী ভাতার অর্থ G2p পদ্ধতিতে পরিশোধের জন্য অনলাইনে আবেদন চলছে এবং একই সাথে ২০২৪-২৫ অর্থবছরের বর্ধিত কোটায় বেদে অনগ্রসর ও হিজড়া জনগোষ্টীর ভাতা এবং উপবৃত্তির অর্থ G2p পদ্ধতিতে পরিশোধের জন্য | বর্ধিত কোটায় প্রতিবন্ধী ভাতার অনলাইন কার্যক্রম সঠিকভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমাজসেবা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অনলাইনে আবেদন চলছে। m s.bhata.gov/online Application এই লিংকে প্রবেশ করে ৩০/১১/২০২৪ তারিখের মধ্যে আবেদন করতে পারবে। এ ব্যাপারে সম্মানিত চেয়ারম্যানগণ বিশেষ প্রচারনা ও সর্বসাধারনকে সহযোগিতা করার জন্য সভায় অনুরোধ করেন। | | কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ১ নভেম্বর ২০২৪ তারিখ জাতীয় যুব দিবস যথাযোগ্য মর্যাদায় প্রতিপালন করা হয়। উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে সকালে যুব র‍্যালি অনুষ্টিত হয়। র‍্যালিতে উপজেলা পরিষদের দপ্তর প্রধান স্থানীয় সমন্বয়ক ছাত্র যুব জনতা ও প্রশিক্ষিত যুব/যুব নারীরা সহ প্রায় ৩ শতাধিক যুব কর্মী অংশগ্রহণ করে পরবর্তী আলোচনা সভা ও যুবদের চেক বিতরন করেন প্রধান অতিথি জনাব আলী রাজিব মাহমুদ মিটন উপজেলা নির্বাহী অফিসার। পরিশেষে গোলাপগঞ্জের ২৪ এর গণ আন্দোলনের ৭ জন শহীদের স্মরণে উপজেলা মসজিদ প্রাঙ্গনে ৭ টি গাছের চারা রোপন করার মাধ্যমে কর্মসূচী শেষ হয়। | যুব ঋণ কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা যুব উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ২০২৪-২৫ অর্থবছরে ঋণ বিতরন ৭.২৮ লক্ষ টাকা এবং ঋণ আদায় ২০.৪৮ লক্ষ টাকা। বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক চলছে। | উপকারভোগীদের ঋণ আদায়ের হার বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা পল্লী উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, চলতি মাস পর্যন্ত ১২০ টি সমবায় সমিতির মধ্যে ৫৫ টি সমিতির অডিট কার্য সম্পন্ন হয়েছে। এছাড়া চলতি মাসে সিভিডিপি প্রকল্পের আওতায় ০১ দিন ব্যাপী সমিতির ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষন প্রদান করা হয়েছে ১২০ জন সদস্যকে এবং ভ্রাম্যমান প্রশিক্ষনের আওতায় সমিতির ব্যবস্থাপনা কমিটির ২৫ জন সদস্যকে দিনব্যাপী প্রশিক্ষন প্রদান করা হয়েছে। | অডিট কার্য এবং ভ্রাম্যমান প্রশিক্ষন কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমবায় কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৫ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, অভ্যন্তরীন আমন সংগ্রহ ২০২৪-২৫ কার্যক্রম চলমান রয়েছে। অত্র উপজেলায় কৃষকের অ্যাপ এর মাধ্যমে ধান সংগ্রহ করা হবে। কৃষকগণ কৃষকের অ্যাপ ডাউনলোড করে নিবন্ধন ও ধান বিক্রয়ের আবেদন করতে পারবে। এছাড়াও স্থানীয় কৃষি অফিস, খাদ্য অফিস, ইউনিয়ন ডিজিটাল সেন্টার গিয়ে কৃষকগণ আবেদন করতে পারবে। যে আগে আবেদন করবে সেই ভিত্তিতে ধান সংগ্রহ করা হবে। অর্থ্যৎ আগে আসলে আগে ক্রয় করা হবে। ধানের লক্ষ্যমাত্রা ৬৬১ মে.টন।সিদ্ধ চাল ৭৪মে.টন। আতপ চাল ৩০ মে.টন। | ধান সংগ্রহ কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৬ | মহিলা বিষয়ক অধিদপ্তর | মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, চলমান ২০২৩-২৪ ভিডব্লিউ চক্রের খাদ্যশস্য বিতরন আগামী ডিসেম্বর/২৪ মাসের পর সমাপ্ত হবে। আগামী ২০২৫-২৬ চক্রের বাছাই কাজ হার্ডকপি সংগ্রহ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হচ্ছে। ইউনিয়ন পর্যায়ের অনলাইন আবেদনের সফটওয়ারের পাসওয়ার্ড সদর কার্যালয় হতে পাওয়া মাত্রই সকলকে সরবরাহ করা হবে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় প্রত্যেক ইউনিয়নে জুলাই/২৪ মাস হতে প্রতি মাসে ৯ জন করে উপকারভোগী নির্বাচন কাজ চলমান আছে। গোলাপগঞ্জ পৌরসভায় জুলাই/২৪ মাস হতে ডিসেম্বর/২৪ মাস পর্যন্ত প্রতি ওয়ার্ডে ২ জন করে | মা ও শিশু সহায়তা কর্মসূচি কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মহিলা বিষয়ক কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অর্থাৎ প্রতি মাসে ১৮ জন করে উপকারভোগী চূড়ান্ত অনুমোদনের জন্য সুপারিশ প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে। | | |
| ২/ ১৭ | বন বিভাগ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র সভায় জানান, গোলাপগঞ্জ সামাজিক বনায়ন কেন্দ্র টাউনরেঞ্জের সিলেট বনবিভাগ থেকে ইতিমধ্যে জলবায়ু প্রকল্পের মাধ্যমে উল্লেখিত চারা থেকে বিনামূল্যে রোপনের জন্য উপজেলা শিক্ষা অফিসার গোলাপগঞ্জকে ১৫০০ টি (বনজ,ফলজ,ঔষধি) এবং মাধ্যমিক শিক্ষা অফিসারকে ১০০০ টি ( বনজ, ফলজ, ঔষধি) গাছের চারা বিতরন করা হয়েছে। সর্বমোট চারা ২৫০০ টি। | বিনামূল্যে চারা রোপন কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠভাবে অব্যাহত রাখতে ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র, গোলাপগঞ্জকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা বন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৮ | ডিজিএম পল্লী বিদ্যুৎ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় জানান, বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রয়েছে। বর্তমানে কোন লোডশেডিং নেই। বিদ্যুৎ লাইনের পাশে/উপরে থাকা গাছের ডালপালা কর্তনের কাজ চলছে। বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখার স্বার্থে ডালপালা কর্তনে সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। বর্তমানে বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের জন্য অভিযান পরিচালনা করা হচ্ছে। বকেয়া বিল পরিশোধ এবং ট্রান্সফর্মার চুরি রোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করা হয়। | ট্রান্সফর্মার চুরি রোধে জনসচেতনতা বৃদ্ধি এবং সঠিক সময়ে বিদ্যুৎবিল পরিশোধের জন্য সকলকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ ডিজিএম /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৯ | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক সভায় সভায় অনুপস্থিত থাকায় এ বিষয়ে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় উপস্থিতি নিশ্চিতের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২০ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান, বিগত মাস পর্যন্ত ঋণ বিতরন ৬৫ লক্ষ ৭০ হাজার টাকা, ঋণ আদায় ৮৪ লক্ষ ৫৩ হাজার টাকা। হার ৯৬%। সুফল ভোগীদের সঞ্চয় জমার পরিমান ৮২ লক্ষ ৭৮হাজার টাকা। | ঋণ আদায়ের লক্ষমাত্রা বাড়ানোর জন্য পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২১ | বিএডিসি বিভাগ | উপসহকারী প্রকৌশলী সভায় জানান, আসন্ন সেচ মৌসুমে, বিএডিসি কর্তৃক ক্ষেত্রায়িত ২২ টি সেচ স্কীম চলবে এবং শরীফগঞ্জ ইউনিয়নের , নুরজাহানপুর গ্রামে নতুন একটি সেচ স্কীম নির্মাণের প্রস্তাবনা রয়েছে। সেচ কমিটির সভার মাধ্যমে অনুমোদন পেলে স্কীমটি বাস্তবায়ন করা হবে।এছাড়াও প্রত্যেক ইউনিয়ন চেয়ারম্যানের দৃষ্টি আকর্ষণ করেন কোথাও সেচের স্কীম নির্মাণের প্রয়োজন থাকলে বিএডিসি অফিসে যোগাযোগ করার জন্য। | সেচ কমিটির সভার মাধ্যমে স্কীমটি অনুমোদনের জন্য সেচ কমিটির সদস্য সচিবকে অনুরোধ করা হয় এবং আসন্ন সেচ মৌসুমে নির্বিঘ্নে সেচ কার্যক্রম চলমান থাকার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ উপসহকারী প্রকৌশলী বিএডিসি /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| ২/ ২২ | প[illegible]খ্যান [illegible] | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান, অর্থনৈতিক শুমারী ২০২৪ আগামী ১০-২৬ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ তারিখে সমগ্র দেশব্যাপী পরিচালিত হবে। অর্থনৈতিক শুমারীর স্লোগান "অর্থনৈতিক শুমারিতে তথ্য দিন, নতুন বাংলাদেশ বিনির্মানে অংশ নিন" এই আলোকে অর্থনৈতিক শুমারী ২০২৪ এর তথ্য সংগ্রহ কার্যক্রমে ইউনিয়ন পরিষদের সকল জনপ্রতিনিধি তাদের নিজ নিজ এলাকায় অর্থনৈতিক শুমারিতে তথ্য প্রদানে প্রচারনা করার জন্য অনুরোধ জানান। অর্থনৈতিক শুমারিতে MDM যুক্ত ট্যাবের মাধ্যমে CAPI পদ্ধতিতে তথ্য সংগ্রহ করা হবে। তথ্য সরাসরি সার্ভারে জমা হবে। | অর্থনৈতিক শুমারির আওতায় চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ পরিসংখ্যান কর্মকর্তা / সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২৩ | চেয়ারম্যান, শরীফগঞ্জ ইউপি | চেয়ারম্যান, শরীফগঞ্জ ইউপি সভায় জানান, (ক) ২০২৩-২৪ অর্থবছরের ইউনিয়নের উন্নয়ন সহায়তা তহবিলের কাজের এমআইএস করা যাচ্ছেনা। সুতরাং ঐ অর্থবছরের প্রকল্প সমূহ অনুমোদনের প্রস্তাব করেন। (খ) ইউনিয়নের ৩ ও ৪ নংওয়ার্ডে এইচবিবি কাজের ইটসলিং এর কাজ শেষ হওয়ার প্রায় ৬ মাস হলেও বালু ফিলিং না হওয়াতে যান চলাচল সহ রাস্তায় ইট গুলো ভেঙ্গে যাচ্ছে। তাই ইট সলিংবালু ফেলানোর পূর্বে বিল পরিশোধ না করে ব্যবস্থা গ্রহণ এবং (গ) ইউনিয়নের ৬ ও ৮ নং ওয়ার্ডে গ্রাম পুলিশ নিয়োগ দেওয়ার জন্য অনুরোধ জানান। | সংশ্লিষ্ট বিষয় (ক) এম আইএস কার্যক্রম পর্যবেক্ষন পূর্বক আগামী সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হবে। (খ) উপজেলা প্রকৌশলীকে সরেজমিন তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং(গ) দ্রুত গ্রাম পুলিশ নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২৪ | বিবিধ | উপজেলা পরিষদ কার্যালয়ের আসবাবপত্র ক্রয় বাবদ ৫০,০০০/-, অফিস সরঞ্জাম ক্রয় বাবদ ২৫,০০০/- বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | সংশ্লিষ্ট বিল গুলো উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার |
| বিগত সভায় নিয়মিত রাজস্ব ব্যয় অনুমোদন ও অবহিতকরন | | জনাব আব্দুল সোবহান,পরিচ্ছন্নতাকর্মী, ও ফাহিমা বেগম, মালীর সেপ্টেম্বর/২৪ মাসের মজুরী বাবদ (১১,৫৫০/-+১১৫৫০/-) চেক প্রদান চেক নং৮৪০৪০৮৩ তারিখ ৬.১০/২৪।জনাব রাহেল আহমদের অনুকূলে পরিষদের দরজা সরবরাহ বাবদ ২৫০০০/- চেক প্রদান চেক নং৮৪০৪০৮৭ তাং ৭/১০/২৪। জনাব আব্দুল কাদির এর অনুকূলে পরিষদের আসবাবপত্র মেরামত বাবদ ২৫০০০/- চেক প্রদান চেক নং৮৪০৪০৮৮ তাং৭/১০/২৪। রোমান আহমদ নোশাদ এর অনুকূলে পরিস্কার পরিচ্ছন্নতা বাবদ ২.৭৫০/- চেক প্রদান চেক নং৮৪০৪০৮৯ তাং৭/১০/২৪।রাহেল আহমদের অনুকূলে যন্ত্রপাতি মেরামত বাবদ ২৫০০০/- চেক প্রদান চেক নং৮৪০৪০৯০ তাং ৭/১০/২৪। রাহেল আহমদের অনুকূলে পরিষদের মোটর সাইকেল মেরামত বাবদ ৩৭৮০০/- চেক প্রদান চেক নং৮৪০৪০৯১ তাং৮/১০/২৪। ইউটিডিসি ভবনের এপ্রোন মেরামত কাজের বিল বাবদ ১০৫৫৯২/- চেক প্রদান চেক নং ৮৪০৪০৯২ তাং২১/১০/২৪।রাহেল আহমদ এর অনুকূলে অফিস সরঞ্জাম ক্রয় বাবদ ৭৪৩০০/- চেক প্রদান চেক নং ৮৪০৪০৯৫ তাং ২৮/১০/২৪।আব্দুল কাদির এর অনুকূলে আসবাব পত্র মেরামত বাবদ২৫০০০/- চেক প্রদান চেক | বিগত বিভিন্ন সভায় উপজেলা পরিষদ তহবিল হতে ব্যয় মাসিক সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়েছে সেগুলোর চেক বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্টানের অনুকূলে বিভিন্ন সময়ে হস্তান্তর করা হয়েছে যা সভায় উপস্থিত সকলকে অবহিত করা হয় এবং | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | নং৮৪০৪৯৯৭ তাং৩০/১০/২৪। রেল আহমদ এর অনুকূলে সিসি ক্যামেরা ক্রয় বাবদ ৫০,০০০ চেক প্রদান চেক নং ৮৪০৪০৯৮ তাং৩০/১০/২৪।ফয়ছল আহমদ ইউপি সদস্য, আমুড়া পূর্বী সোয়ার্টার মেরামত কাজের বিল বাবদ ১৬৪১১০/- চেক প্রদান চেক নং ৮৪০৪০৯৯ তাং ৩০/১০/২৪।আব্দুল কাদির এর অনুকূলে পরিষদ ভবনের পানির ট্যাংক ও যন্ত্রপাতি ক্রয় ও মজুরী বাবদ ২৫০০০/- চেক প্রদান চেক নং ৮৪০৪১০২ তাং ৩০/১০/২৪। | বিধি অনুযায়ী অনুসরণ পূর্বক ব্যয় করার নিমিত্তে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

সভাপতি জনাব মিলটন চন্দ্র পাল গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকাণ্ড নিয়ে আলোচনার জন্য ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধান ও সভায় সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান। । উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে নির্দেশের ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র প্রস্তুতের নিমিত্ত উন্নয়ন কর্মকাণ্ডের অগ্রগতি প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণের জন্য জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার সমাপ্তি ঘোষণা করেন।

মিলটন চন্দ্র পাল
প্রশাসক
উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ, সিলেট

স্মারক নং ০৫.৪৬.৯১৩৮.০০০.১৬.০০১.১৯.১৩৭৯

তারিখঃ ১১/১১/২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, সিলেট।
০৪। প্রশাসক, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৫। প্রশাসক, গোলাপগঞ্জ পৌরসভা।
০৬। নির্বাহী প্রকৌশলী------------------------------ সিলেট।
০৭। উপজেলা------------------------------------------ অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।
০৮। চেয়ারম্যান------------------------------------------- ইউপি (সকল), গোলাপগঞ্জ।
০৯। অফিস নথি/ মাষ্টার ফাইল।

মিলটন চন্দ্র পাল
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট।
email:unogolapganj@mopa

পরিশিষ্ট "ক" সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভায় সম্মানিত সদস্যবৃন্দ | সভায় উপস্থিত প্রতিনিধিবৃন্দ | সভায় উপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | প্রশাসক, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০২ | মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৩ | চেয়ারম্যান,০১ নং বাঘা ইউপি | - | স্বাক্ষরিত |

| | | | |
|---|---|---|---|
| ০ | চেয়ারম্যান, ০২ নং গোলাপগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ০ | চেয়ারম্যান, ০৩ নং ফুলবাড়ি ইউপি | - | স্বাক্ষরিত |
| ০ | চেয়ারম্যান, ০৪ নং লক্ষীপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ০ | চেয়ারম্যান, ০৫ নং বুধবারীবাজার ইউপি | - | স্বাক্ষরিত |
| ০ | চেয়ারম্যান, ০৬ নং ঢাকাদক্ষিন ইউপি | - | স্বাক্ষরিত |
| ০ | চেয়ারম্যান, ০৭ নং লক্ষনাবন্দ ইউপি | - | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ০৮ নং ভাদেশ্বর ইউপি | - | স্বাক্ষরিত |
| ১ | চেয়ারম্যান, ০৯ নং আমুড়া ইউপি | - | স্বাক্ষরিত |
| ১ | চেয়ারম্যান, ১০ নং বাদেপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ১ | চেয়ারম্যান, ১১ নং শরীফগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১ | উপজেলা কৃষি কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১ | উপজেলা প্রকৌশলী | - | স্বাক্ষরিত |
| ১ | সি. উপজেলা মৎস্য কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | - | স্বাক্ষরিত |
| ২ | উপসহকারী প্রকৌশলী বিএডিসি | - | স্বাক্ষরিত |
| ২ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | - | স্বাক্ষরিত |
| ২ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | - | স্বাক্ষরিত |
| ২ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২ | উপজেলা সমবায় কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ৩ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ৩ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র, গোলাপগঞ্জ | | |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জৌষ্ঠতা ক্রমানুসারে নহে)

| ক্রমিক | সভার সদস্যবৃন্দ | মন্তব্য |
|---|---|---|
| ১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | |
| ২ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | |
| ৩ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | |